# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT-1 (2024-2025)**

**Class- XI**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject:- BENGALI (105)**

**Time:-3 HOURS** **F.M.-80**

SECTION – A (READING)

PART- A

1. **নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো :** (2×5=10)

A.পাঁচুর মতো অলস, অপদার্থ চোর ভূভারতে আর দ্বিতীয়টি নেই। কোনকালে তার জোড়া আরেকটা জন্মাবে বলে মনে হয় না। আর শরীরে ছটপটে ভাব বলতে কিছুটি নেই। বসে আছে তো বসেই আছে, বিড়ি ফুকছে তো ফুকেই চলেছে। একদিকে কাত হয়ে শুলো তো সারাটা রাত সেভাবেই কাবার করে দিল। আলসেমির জন্য আরেক পাশে ফিরতেও তার ভীষণ কষ্ট। সে যদি ভাবে সকালে বাজারে যাবে, বেরুতে বেরুতে দুপুর গড়িয়ে যায়। আসলে নড়তে চড়তে তার আর ইচ্ছে করে না। খাওয়াই বলো, আর বেড়ানোই বলো আর চুরি করাই বলো, কোন ব্যাপারেই তার চাড় নেই।

এই নিয়ে পাঁচুর সঙ্গে তার বউ নেত্যকালির দিনরাত খটামটি লেগেই আছে। নেত্যকালি হলো ডাকসাইটে ভবা চোরের মেয়ে। ভবার খ্যাতির সুবাস সারাদেশে ছড়িয়ে পড়েছে। নেত্যকালির ভাইরাও নামকরা চোর। শুধু কি বাপ আর ভাইরা? ওর খুড়ো-জ্যাঠা -পিসে- মেসোরাও চুরি বিদ্যায় এককে জনকে তাক লাগিয়ে দিয়েছে। এমন বনেদি বংশের মেয়ে হয়ে সে কিনা এসে পড়েছে পাঁচুর মতো একটা লক্ষ্মী ছাড়া অকর্মার ধাড়ির হাতে? এজন্য লজ্জায় ঘেন্নায় আর আফশোসে তার মরে যেতে ইচ্ছে করে। নেত্যকালির বাপ-ভাইরা থাকে মস্ত দালান কোঠায়। নিশুতি রাতে লোকের বাড়ি বাড়ি হানা দিয়ে কত কত সোনা দানা, হিরে জহরত নিয়ে আসে। তারা খায় ক্ষীরমন্ডা, রাবরি, পোলাও, রুইয়ের মাথা, চিতলের পেটি। মা আর ভাই বউরা পরে দামি দামি জামদানি আর বেনারসি শাড়ি। তাদের গা ভর্তি গয়না। আর সে থাকে কিনা মাটির ঘরে, যার মাথায় ফুটোফাটা টিনের চাল। কপাল ভালো থাকলে দুবেলা জোটে গাবের দানার মত মোটা মোটা লাল চালের ভাত, নইলে খুদের জাউ। পড়তে পায় লাল পাড়ের বাড়ির খেলো শাড়ি। তার বড্ড কষ্ট।

বাপ-ভাইরা, মা আর বৌদিদিরা নেত্যকালিকে ভালো শাড়ি, গয়নাগাটি, মাছ- মাংস, ঘি, দুধ পাঠাতে চায়।কিন্তু সে নেবে কেন? এতে তার স্বামীর অসম্মান হয় না? পাঁচু ভালো খেতে, ভালো পড়তে নাই দিক, তাই বলে অন্যরা দিতে থুতে আসে কেন? নিজে বকাঝকা যাই করুক, পাঁচুর ওপর তার বড় টান।

I) পাঁচুর বউয়ের দুঃখের মূল কারণ কি?

a) তার পিতা চোর বলে। b) তার স্বামী চোর বলে।

c) গরিব ঘরে তার বিয়ে হয়েছে বলে। d) তার স্বামী অলস বলে।

II) নিচের মন্তব্য দুটি পড়ো এবং সঠিক উত্তর নির্বাচন করো।

বিবৃতি ক) - অবস্থাসম্পন্ন বাপের বাড়ি থেকে দামী জামাকাপড়, গয়নাগাটি, খাবারদাবার গ্রহণ করতে নেত্যকালির ঘোরতর আপত্তি ছিল।

বিবৃতি খ) - অলস, অপদার্থ বলে স্বামীকে বকাঝকা করলেও তার স্বামীর অসম্মান হোক তা সে চায় না।

a) বিবৃতি (ক) ঠিক বিবৃতি (খ) ভুল।
b) বিবৃতি (ক) ভুল বিবৃতি (খ) ঠিক।
c) বিবৃতি (ক) এবং বিবৃতি (খ) দুটোই ঠিক।
d) বিবৃতি (ক) এবং বিবৃতি (খ) দুটোই ভুল।

**III)** নেত্যকালির পরিবার সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক?

a) নেত্যকালির বাবা অলস ছিলেন।
b) নেত্যকালির স্বামী অলস ছিলেন।
c) পিতা চোর বলে নেত্যকালির খুব লজ্জা করত।
d) স্বামী চোর বলে নেত্যকালির খুব লজ্জা করত।

**IV)** অনুচ্ছেদটিতে কয়টি খাদ্যবস্তুর নাম রয়েছে?

a) নয়টি b) দশটি c) এগারোটি d) বারোটি

**V)** " দুষ্প্রাপ্য"- সন্ধি বিচ্ছেদের সঠিক রূপ কী?

a) দুশ্ +প্রাপ্য b) দু:+প্রাপ্য c) দুষ্প্রা+ অপ্য d) দুর্ +প্রাপ্য

**B. ১৯১১** সাল, ২৫ বৈশাখ পঞ্চাশ বছরের জন্মদিন পালনের পরেই কবি কলিকাতায় এলেন ও সেখান থেকে অচিরকালের মধ্যে শিলাইদহে চলে এলেন। সেইখানে তখন রথীন্দ্রনাথরা জমিদারিতে কৃষি প্রভৃতির উন্নতির জন্য কাজে লেগে পড়েছেন। দেড়মাস শিলাইদহে কাটানোর পরে আষাঢ়ের বর্ষা নামলে কবির অন্তরেও গানের সুর জাগল। তিনি আষাঢ়ের প্রথম দিনে লিখতে বসলেন 'অচলায়তন' নাটকটি। নাটকটি শেষ করতে সময় লাগলো দিন পনেরো। আন্তরিক শ্রদ্ধার নিদর্শন হিসাবে এটি উৎসর্গ করলেন শ্রীযুক্ত যদুনাথ সরকার মহাশয়কে। যদিও পরবর্তীকালে নাটকের উৎসর্গপত্রে এই নামটি আমরা আর দেখতে পাই না।
বোধহয় বর্ষাঋতুর উপযোগী ছেলেদের জন্য একখানি নাটক রচনার কথা কবির মনে হয়েছিল, শারদলক্ষ্মীর আবাহনে 'শারদোৎসব' মুখরিত হয়েছিল; বসন্তরাজের উৎফুল্ল উপবনে 'রাজা'র আবির্ভাব হয়। এরপরেই কবি কোলকাতায় ফিরলেন। ভাদ্রোৎসবে সাধারণ ব্রাহ্মসমাজ মন্দিরে 'ধর্মের অর্থ' ভাষণদান করে কবি শান্তিনিকেতনে ফিরলেন। এই সময়ে 'ভারতী' পত্রিকার জন্য লিখলেন 'রাসমণির ছেলে'। কিন্তু শরীর খুবই দুর্বল, অর্শরোগে কাতর। সেইসঙ্গে রয়েছে আর্থিক অসচ্ছলতা। তবুও আশ্বিনমাসে 'অচলায়তন' প্রবাসীতে মুদ্রিত হওয়ায় সেখান থেকে ২০০ টাকা পেয়েছেন।
এরই মধ্যে বাংলাদেশে নাটকটি নিয়ে ছাত্রমহলে ক্ষোভের সৃষ্টি হয়। রবীন্দ্রনাথ শ্রীঅমলচন্দ্র হোমকে একটি চিঠিতে লেখেন "প্রাচীনের জয় ঘোষণায় করতালিলাভ আমার পক্ষে কঠিন নয়, একদিন তা পেয়েওছি। ... দেশের তরুণদের কাছেও প্রিয়বচন ছড়িয়ে প্রিয় হতে চাই নে।"
রবীন্দ্রনাথ সমাজ ভাঙছেন, তিনি মন্ত্রের প্রতি অশ্রদ্ধা প্রদর্শন করেছেন প্রভৃতি দোষারোপের জবাবে তিনি লিখলেন, "অচলায়তনের গুরু কি ভাঙবার কথাতেই শেষ করেছেন। গড়বার কথা বলেননি? পঞ্চক যখন তাড়াতাড়ি বন্ধন ছাড়িয়ে উধাও হয়ে যেতে চেয়েছিল তখন তাকে বলা হয়েছিল 'না, যাইতে পারিবে না – যেখানে ভাঙা হইল এইখানেই এবার প্রশস্ত করিয়া গড়িতে হইবে"। মন্ত্রের সার্থকতা সম্বন্ধে রবীন্দ্রনাথের মনে কোনো সন্দেহ ছিল না। কিন্তু যে মন্ত্র মানুষের মনকে মনন করে না, কতগুলি বিশেষ শব্দসমষ্টির মধ্যে কোনো অলৌকিক শক্তি আছে এই বিশ্বাস মানুষের মনকে পেয়ে বসে তখন সে উচ্চারণের ফাঁদেই নিজেকে জড়িয়ে ফেলে- মন্ত্রের এই ব্যবহারকে রবীন্দ্রনাথ কখনোই বিশ্বাস করে উঠতে পারেননি। তাই পঞ্চকের অস্বীকৃতি বাইরের আবরণ ও আচরণের বিরুদ্ধে-অন্তরে সে রসপিপাপু, সত্যসন্ধানী, সৃজনশিল্পী; তার অন্তরের কথা –'আমার মন যে কাঁদে আপন- মনে কেউ তা মানে না।' – এ যেন কবির নিজের অন্তরের মূর্তি ও বাণী।
'অচলায়তন' লেখার ও প্রকাশিত হওয়ার দুই বছর পরে গ্রীষ্মাবকাশের আগে ২৫ বৈশাখ শান্তিনিকেতনে 'গুরু' নামে প্রথম অভিনয় হয়।

**I)** 'অচলায়তন' নাটকের রূপান্তরিত রূপ হল -

a) গুরু b) রাজা c) 'শারদোৎসব' d) পঞ্চক

II) “প্রাচীনের জয় ঘোষণায় করতালিলাভ আমার পক্ষে কঠিন নয়, একদিন তা পেয়েওছি। ... দেশের তরুণদের কাছেও প্রিয়বচন ছড়িয়ে প্রিয় হতে চাই নে।” –আলোচ্যমান কথাটির মধ্যে দিয়ে বক্তার চরিত্রের যে দিকটি প্রধান ফুটে উঠেছে –

ক) সমাজের কোনো শ্রেণিকে ভয় পেয়ে বক্তা কখনোই কাউকে তোষামোদ করে চলেন না।

খ) জীবনের অভিজ্ঞতার মাধ্যমে যখন যা সত্য বলে মনে করেছেন তখন তাকেই কায়মনবাক্যে স্বীকার করে নিয়েছেন।

a) বিবৃতি (ক) ঠিক বিবৃতি (খ) ভুল। b) বিবৃতি (ক) ভুল বিবৃতি (খ) ঠিক।

c) বিবৃতি (ক) এবং বিবৃতি (খ) দুটোই ঠিক। d) বিবৃতি (ক) এবং বিবৃতি (খ) দুটোই ভুল।

III) আলোচ্যমান অনুচ্ছেদে ‘আবাহন’ শব্দটি যে অর্থে ব্যবহার হয়েছে -

a) দাবি b) আমন্ত্রণ

c) নিমন্ত্রণ d) আহ্বান

IV) রথীন্দ্রনাথ সম্পর্কে রবীন্দ্রনাথের কে হন?

a) ভাইয়ের ছেলে। b) নিজের ছেলে c) ভাইপোর ছেলে d) নিজের জামাই

V) ১৯১১ সাল, ২৫ বৈশাখ পঞ্চাশ বছরের জন্মদিন পালনের পরেই কবি কলিকাতায় এলেন ও সেখান থেকে অচিরকালের মধ্যে শিলাইদহে চলে এলেন। - সাধুভাষায় রূপান্তরিত করলে হয়-

a) ১৯১১ সাল, ২৫ বৈশাখ পঞ্চাশৎ জন্মদিন পালনের পরেই কবি কলিকাতায় আসিলেন ও সেখান হইতে অচিরকালের মধ্যে শিলাইদহে চলিয়া এলেন।

b) ১৯১১ খ্রিষ্টাব্দে, ২৫ বৈশাখ পঞ্চাশৎ জন্মোৎসবের পরেই কবি কলিকাতায় আসিলেন ও তথা হইতে অচিরকালের মধ্যে শিলাইদহে চলিয়া গেলেন।

c) ১৯১১ সাল, ২৫ বৈশাখ পঞ্চাশ বৎসরের জন্মদিন পালনের পরেই কবি কলিকাতায় আইলেন ও সেথা থেকে অচিরকালের মধ্যে শিলাইদহে চলিয়া গেলেন।

d) ১৯১১ খ্রিষ্টাব্দে, ২৫ বৈশাখ পঞ্চাশৎ জন্মোৎসবের পরেই কবি কলিকাতায় আসিলেন ও তথা হইতে অচিরকালের মধ্যে শিলাইদহে চলিয়া আসিলেন।

## SECTION-B(GRAMMAR)

**2. বাচ্যগত প্রশ্নের সঠিক উত্তর দাও।** **(5×1=5)**

I. রোগী পথ্য সেবন করে – কোন বাচ্যের উদাহরণ?

a) কর্তৃবাচ্যের b) কর্মবাচ্যের

c) ভাববাচ্যের d) কর্তৃ-কর্মবাচ্যের

II. নীচের কোন বাক্যটি ভাববাচ্যের উদাহরণ?

a) আমি যেতে পারবো না।
b) এখন কিছুই বলো না।
c) আমাকে কাপড় কিনতে হবে।
d) শেষ পর্যন্ত তাঁর যাওয়া হল না।

III) বাচ্য পরিবর্তন হলো _____________ অর্থ অপরিবর্তিত রেখে একবাচ্য থেকে অন্যবাচ্যে রূপান্তরিত করা।

a) শব্দের
b) বাক্যের
c) ক্রিয়ার
d) কর্ম কারকের

IV) ক্রিয়ার অর্থ প্রধান হয় –

a) কর্তৃবাচ্যে
b) কর্মবাচ্যে
c) ভাববাচ্যে
d) কর্তৃ-কর্মবাচ্যে

V) কর্মবাচ্য থেকে যে বাচ্যের পরিবর্তন সম্ভব নয় –

a) কর্তৃবাচ্যের
b) ভাববাচ্যের
c) কর্মবাচ্যের
d) কর্তৃ-কর্মবাচ্যের

## SECTION-C (MAIN COURSE BOOK)

**3) পাঠ্য গল্প ও কবিতা থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ (যে কোনো পাঁচটি) (5×1=5)**

I) 'ঘাড় ফিরিয়ে দেখবেন,' - কী দেখবেন?

a) একটি মেয়ে পুকুর থেকে জল তুলছে।
b) একটি মেয়ে পুকুরের পানা সরিয়ে পিতলের চকচকে কলশিতে জল ভরছে।
c) একটি মেয়ে পুকুরের পানা সরিয়ে পিতলের ঝকঝকে কলশিতে জল ভরছে।
d) একটি মেয়ে পুকুরের পানা সরিয়ে পিতলের  কলশিতে জল ভরছে।

II) বঁড়শির বৈশিষ্ট্য হল -

a) বঁড়শি দিয়ে জলকে স্থির রাখা হয় মাছ ধরার জন্য।
b) ছিপের সুতোয় বাঁধা শোলা যা দিয়ে মাছকে টেনে তোলা হয়।
c) বঁড়শি দিয়ে গাছ থেকে আম পারা হয়।
d) বঁড়শি দিয়ে টোপ গেঁথে মাছ ধরা হয়।

III) "গাড়ির সংকীর্ণতা আর আপনাকে পীড়িত করবে না," – কারণ

a) উদ্দিষ্ট ব্যক্তি তখন ম্যালেরিয়া জ্বরে আক্রান্ত।
b) উদ্দিষ্ট ব্যক্তি তখন মাছ ধরতে যাওয়ার আনন্দে মশগুল।
c)  উদ্দিষ্ট ব্যক্তির মনে তখন রোমান্টিকতার ছোঁয়া লেগেছে।
d) উদ্দিষ্ট ব্যক্তি যেহেতু এই পথে একবার গেছেন তাই পথের কষ্ট তার সহ্য হয়ে গেছে।

IV) "আবছা বিশাল মৌন সব প্রহরী" – বলতে কথক কাদের নির্দেশ করেছেন?

a) প্রাচীন অট্টালিকার থামকে।
b) খিলান বা মন্দিরের ভগ্নাংশকে।
c) মহাকালের সাক্ষীবাহী প্রাচীন অট্টালিকার থামকে ও খিলান বা মন্দিরের ভগ্নাংশকে।
d) কৃষ্ণপক্ষের বিলম্বিত ক্ষয়প্রাপ্ত চাঁদের অস্পষ্ট আলোকে।

V) "ও সে ক্ষণেক থাকে _______________ উপর

a) শূন্যের

b) মাথার

c) তরণীর

d) জলের

VI) "গ্রাম বেড়িয়ে অগাধ পানি" – 'অগাধ পানি' বলতে কাকে বোঝানো হয়েছে?

a) অতল জলের আহ্বানকে।

b) নিরাকার ব্রহ্মকে।

c) বিষয়বাসনাকে।

d) লালন যেখানে বাস করে সেই গ্রামের পড়শিকে।

**4) পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে নিয়ে লেখ: ( যেকোন পাঁচটি) (5×1=5)**

I) গুরু কী ধরণের নাটক?

a) রূপক সাংকেতিক নাটক b) নৃত্যনাটক

c) গীতিনাটক d) ভাবদ্বন্দমূলক নাটক

II) সুভদ্র উত্তরদিকের জানলায় কী করেছিল?

a) কনুই ঠেকিয়েছিল b) হাতের তালু স্পর্শ করেছিল

c) আঁক কেটেছিল d) জানালা খুলে বাইরেটা দেখে ফেলেছিল

III) পঞ্চক অচলায়তনের মধ্যে জীবনের গান গেয়ে ওঠে। কারণ -

কারণ- ক) এই আশায় যে সে একদিন এই অচলায়তন থেকে মুক্তি পাবে।

কারণ- খ) এই আশায় যে গুরু এসে সংস্কারে আচ্ছন্ন চেতনার দুয়ার উন্মুক্ত করবেন।

a) কারণ ক ও খ দুটোই ঠিক b) কারণ ক ও খ দুটোই ভুল

c) কারণ ক ঠিক, খ ভুল d) কারণ খ ঠিক, ক ভুল

IV) 'অচলায়তন' নাটকের প্রথম অধ্যায়ের মহাপঞ্চক চরিত্রটি সম্পর্কে কোন্ কথাটি ঠিক? –

a) তিনি যুক্তি দিয়ে সবকিছু গ্রহণ করতে চাইতেন।

b) তিনি অহংকারী ও ক্ষমতালোভী।

c) তাঁর নিজের বিশ্বাসের প্রতি গভীর আস্থা।

d) তিনি এই শিক্ষা প্রতিষ্ঠানের সংস্কারসর্বস্বতা আর মন্ত্রনির্ভরতার মূল ধারক।

V) নৈঋত কোণ বলতে কোন্ দিককে বোঝানো হয়?

a) দক্ষিণ -পশ্চিম দিককে। b) উত্তর-পূর্ব দিককে।

c) পূর্ব-দক্ষিণ দিককে। d) দক্ষিণ-পূর্ব দিককে।

VI) "যে-নিয়ম সত্য, তাকে ভাঙতে না দিলে তার যে পরীক্ষা হয় না" – আলোচ্যমান উদ্ধৃতি থেকে বক্তার মানসিকতার যে পরিচয় পাই -

a) বক্তা বিদ্রোহী, কিন্তু বিপ্লবী নয়।

b) বক্তার কাছে নিয়মের কোনো গুরুত্ব নেই।

c) বক্তা সবকিছু যুক্তি দিয়ে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে পরখ করে নিতে চান।

d) বক্তা ভাঙনের জয় গান গান।

## PART-B (Descriptive Paper)

## Section- A (Grammar)

**5) নির্দেশানুযায়ী বাচ্যের পরিবর্তন করো:** **(1×12=12)**

a) তোর গান গাওয়া হলো? (কর্তৃবাচ্যে)

b )আর সময় নষ্ট করিব না। (কর্মবাচ্যে)

c) টাকা না পাইলে বরকে সভাস্থ করা যাইবে না। (কর্তৃবাচ্যে)

d) রবীন্দ্রনাথ নাইট উপাধি প্রত্যাখ্যান করেন। (কর্মবাচ্যে)

e) তোমার জন্য ঘণ্টা দু'য়েক অপেক্ষা করছি। (ভাববাচ্যে)

f) 'কলসে কেবল জল ভরিতে থাকিব'। (কর্মবাচ্যে)

g) 'কাশীদাসী মহাভারতখানা সুর করিয়া পড়িত'। (কর্মবাচ্যে)

h) কী হয়েছে অল্প কথায় বলুন। (ভাববাচ্যে)

i)আসুন, বসুন। (ভাববাচ্যে)

j) আঠারোর নেমে আসা হোক। (কর্তৃবাচ্যে)

k) তাহাদের দ্বারা নবপ্রেম-গান গাওয়া হইল। ((কর্তৃবাচ্যে)

l) রাজা তুমি কোথায় থাকো? (ভাববাচ্যে)

## Section- B

## (Supplementary Reader/Non Detailed text)

**6)** "তেলেনাপোতার স্মৃতি আপনার কাছে ঝাপসা একটা স্বপ্ন বলে মনে হবে।"–এই স্মৃতি ও স্বপ্নের তাৎপর্য বিশ্লেষণ কর। **(2)**

**7)** "এবারে পারিনি বলে তেলেনাপোতার মাছ কি বার বার ফাঁকি দিতে পারবে" – আলোচ্যমান উদ্ধৃতিটি শ্রোতার মনে কীরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল? **(3)**

**8)** 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পে যে নিরঞ্জনের কথা আমরা শুনি, তুমি কী মনে কর এই নিরঞ্জনেরা আজও আমাদের সমাজের বুকে বিরাজমান? তোমার মতামত যুক্তি সহকারে লেখো। **(3)**

**9)** "আপনাদের পদশব্দ শুনে সেই কঙ্কালের মধ্যেও যেন চাঞ্চল্য দেখা দেবে" – 'আপনাদের পদশব্দ' বলতে কাদের পায়ের শব্দের কথা বলা হয়েছে? কঙ্কালসার ব্যক্তির পরিচয় কী? সেই কঙ্কালের মধ্যেও চাঞ্চল্য দেখা দিল কেন? **(3)**

**অথবা**

"সে- শব্দে আপনারা কিন্তু প্রতীক্ষায় চঞ্চল হয়ে উঠবেন।"- 'সে শব্দ' বলতে কোন্ শব্দের কথা বলা হয়েছে? কারা সেই শুনতে পেয়েছিল? প্রতীক্ষার অবসান কিভাবে হয়েছিল?

**10)** "তক্তাপোশের একপাশে যামিনী পাথরের মূর্তির মতো দাঁড়িয়ে" – **(2+3=5)**

**a.**গল্পে প্রথম কোথায় কার সাথে যামিনীর দেখা হয়েছিল?

**b.**যামিনী চরিত্রটির সাথে কেন পাথরের মূর্তির তুলনা করা হল বলে তুমি মনে কর?

**অথবা**

"কে নিরঞ্জন এলি?" –

a. নিরঞ্জন কে, সে কি সত্যি এসেছিল?

b. যে নিরঞ্জন এসেছিল তাকে তোমার কেমন মানুষ বলে মনে হয়?

**11) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** **(5)**

"পড়শী যদি আমায় ছুঁত
আমার যম-যাতনা যেত দূরে।"

**অথবা**

আমি একদিনও না দেখিলাম তারে
আমার বাড়ির কাছে আরশিনগর
ও এক পড়শী বসত করে।

**12)** "তবু সে আর লালন একখানে রয়/ তবু লক্ষ যোজন ফাঁক রে।"- আলোচ্যমান পঙক্তিতে সে বলতে কাকে বোঝানো হয়েছে? লালনের কেন মনে হচ্ছে তার সাথে লালনের লক্ষ যোজন ফাঁক রয়েছে? **(3)**

**13)** "... তোমরা বোঝা বয়ে মর, আমি হালকা হয়ে বসে আছি।"-এই মন্তব্যটির মধ্যে দিয়ে বক্তা কী বোঝাতে চেয়েছেন? **(2)**

**14)** "তিনদিনের দিনে যে সাপটা এসে আমাকে নিশ্চয় কামড়াবে কথা ছিল, সে আজ পর্যন্ত আমাকে খুঁজে বের করতে পারে নি।" **(2+3=5)**

a. কে কাদের একথা বলেছে?

b. তার এ ধরণের কথা বলার কারণ কী?

**অথবা**

"গুরু আসার পথ তুমিই প্রথম খোলসা করে দিলে"

a. কে কাকে একথা বলেছে?

b. বক্তার এ ধরণের কথা বলার কারণ কী?

## Section – c

## (Creative Writing)

**15)** ই-বুক আসার কারণে ছাপার অক্ষরে বইয়ের কদর কমে যাচ্ছে-বিষয়টি অবলম্বনে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

**অথবা** 12

ছাত্রদের রাজনীতি সচেতন হওয়া উচিত কিনা – বিষয়টি অবলম্বনে একটি সংলাপ রচনা কর। (কমপক্ষে ২০ টি সংলাপ)